গাংনীতে দুই দোকান মালিককে জরিমানা

সরকারের আদেশ অমান্য করায় মেহেরপুরের গাংনী উপজেলা শহরের দুই দোকান মালিককে অর্থদন্ড করেছে ভ্রম্যমান আদালত।

বুধবার দুপুরে ভ্রাম্যমান আদালতের অভিযানে গাংনী বাজারের লেডিস টাচ এন্ড জেন্টস মেলার মালিক রেজাউল ইসলাম ও সাইদ হার্ডওয়ারের মালিক আবু সাইদকে ২হাজার টাকা করে মোট ৪ হাজার টাকা জরিমানা করেন ভ্রাম্যমান আদালতে নির্বাহী ম্যাজিষ্ট্রেট অনিক।

এছাড়াও কালাম হার্ডওয়ারের মালিক মোঃ আবুল কালাম ও আমিরুল মার্কেট এর এক দর্জি ব্যবসায়ীকে মৌখিকভাবে সতর্ক ও মুচলেকা নিয়ে ছেড়ে দেন।

করোনায় ২৪ ঘণ্টায় সুস্থ আরও ৫ জন

দেশে ২৪ ঘণ্টায় পাঁচজন সুস্থ হয়েছেন। এ পর্যন্ত ৯২ জন সুস্থ হয়েছেন বলেও জানান এ চিকিৎসক।

সুস্থ হওয়ার সংখ্যা কম কেন, এমন ধারণা প্রসঙ্গে নাসিমা সুলতানা বলেন, এ রোগে আক্রান্তদের সুস্থ হতে দীর্ঘ সময় লেগে যায়। অনেক সময় উপসর্গ ও লক্ষণ নিয়েই তারা ১৪-১৫ দিন থাকেন, তার পর লক্ষণ কিংবা উপসর্গ কমতে শুরু করে।

অর্থাৎ আক্রান্ত হওয়ার পর একজন রোগীকে সম্পূর্ণ সুস্থ হতে মাসখানেক সময় লেগে যায়। তিনি জানান, একজন ব্যক্তিকে আমরা তখনই সম্পূর্ণ সুস্থ বলব, যখন তার পর পর দুটি পরীক্ষায় নেগেটিভ আসবে।

মৃত ১০ জনের বিবরণ দিয়ে স্বাস্থ্য অধিদফতরের এই পরিচালক বলেন, তাদের মধ্যে পুরুষ সাতজন, আর নারী তিনজন। আর মৃতদের সাতজন ঢাকার

ভেতরে, বাকিরা বিভিন্ন এলাকার। ঢাকার বাইরে তিনজন হলেন ময়মনসিংহ, নারায়ণগঞ্জ ও টাঙ্গাইলের।

‘বয়সের বিশ্লেষণে তাদের মধ্যে ষাটোর্ধ্ব তিনজন, ৫১-৬০ বছর বয়সী দুজন, ৪১-৫০ বছরের তিনজন ও ২১-৩০ বছর বয়সী দুজন মারা গেছেন।’

গত ৮ মার্চ দেশে প্রথম করোনা রোগী শনাক্ত হয়েছে। এর ১০ দিন পর ১৮ মার্চ প্রথম করোনায় মৃত্যুর খবর দেয় আইইডিসিআর। এ সংবাদ ছড়িয়ে পড়ার পর রাজধানীর রাস্তাঘাট অনেকটা ফাঁকা হয়ে যায়।

১৮ মার্চ থেকে এক-দুই-তিন দিন পর পর মৃত্যুর খবর দিতে স্বাস্থ্য অধিদফতর। ৩ এপ্রিল থেকে প্রতিদিন মৃত্যুর খবর দিয়ে আসছে তারা। এরই মধ্যে ১৭ এপ্রিল ১৫ জনের মৃত্যুর তথ্য দেয়া হয়। এটি ছিল একদিনে সর্বাধিক মৃত্যু।

বাংলাদেশে আক্রান্তদের মধ্যে তিন দশমিক ৪ শতাংশ মৃত্যুর হার। তবে কারও কারও ধারণা, এটি বাস্তব পরিস্থিতি নয়। আক্রান্তদের অনেকেই শনাক্ত হচ্ছেন না।

বিশ্ব স্বাস্থ্য সংস্থার হিসেবে বৈশ্বিকভাবে মৃত্যুর হার ৩ শতাংশ। যাদের বয়স বেশি, যারা আগে থেকে অন্য রোগে ভুগছেন, তাদের মৃত্যুঝুঁকি বেশি।

জনস্বাস্থ্যবিদ ও রোগতত্ত্ব, রোগনিয়ন্ত্রণ ও গবেষণা প্রতিষ্ঠানের পরামর্শক মুশতাক হোসেন বলেন, অন্য অনেক দেশের তুলনায় বাংলাদেশে আক্রান্ত ব্যক্তিদের মধ্যে মৃত্যু কিছুটা বেশি দেখা যাচ্ছে। তবে এ বিষয়ে চূড়ান্ত কিছু বলার সময় আসেনি। আমরা শুধু রোগ শনাক্তকরণ পরীক্ষার তথ্যই ব্যবহার করছি। চিকিৎসাসংশ্লিষ্ট তথ্য ব্যবহার করতে পারছি না।

ছুটি বাড়ল ৫ মে পর্যন্ত

করোনাভাইরাস মোকাবেলায় সরকারি-বেসরকারি অফিসে সাধারণ ছুটির মেয়াদ সাপ্তাহিক ছুটি মিলিয়ে ৫ মে পর্যন্ত বাড়ানো হয়েছে। এ নিয়ে ৫ম দফায় ছুটি বাড়ানো হল। তবে এ সময়ে কিছু মন্ত্রণালয় জরুরি

প্রয়োজনে খোলা থাকবে।

বুধবার বিকালে মোবাইল ফোনে গণমাধ্যমকে বিষয়টি নিশ্চিত করেছেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন।

তিনি বলেন, ছুটি ৫ মে পর্যন্ত বাড়ানো হয়েছে। তবে এ সময়ের মধ্যে জরুরি প্রয়োজনে কিছু মন্ত্রণালয় খোলা থাকবে। আগামীকাল (বৃহস্পতিবার) এ বিষয়ে প্রজ্ঞাপন জারি করে বিস্তারিত জানানো হবে।

উল্লেখ্য, বৈশ্বিক মহামারী করোনাভাইরাসের সংক্রমণ যেন ছড়িয়ে না পড়ে- সেটি প্রতিরোধে সরকারের নির্বাহী আদেশে চার দফায় আগামী ২৫ এপ্রিল পর্যন্ত দেশে সাধারণ ছুটি চলছে।

গত ২৬ মার্চ থেকে ৪ এপ্রিল পর্যন্ত প্রথম দফায় ছুটি ঘোষণা করা হয়। করোনা সংক্রমণ প্রতিরোধে পরে এই ছুটি বাড়িয়ে ৯ এপ্রিল পর্যন্ত করা হয়। এরপর ১৪ এপ্রিল এবং সর্বশেষ ২৫ এপ্রিল পর্যন্ত ছুটি বাড়ানো হয়।করোনাভাইরাসের কারণে প্রথম দফায় ২৬ মার্চ থেকে ৪ এপ্রিল পর্যন্ত ছুটি দেয়া হয়েছিল। এরপর ছুটি বাড়িয়ে তা ১১ এপ্রিল করা হয়। ছুটি তৃতীয় দফা বাড়িয়ে করা হয় ১৪ এপ্রিল পর্যন্ত। এরপর চতুর্থ দফায় ২৫ এপ্রিল পর্যন্ত ছুটি বাড়ানো হয়। এবার পরিস্থিতি বিবেচনায় নিয়ে পঞ্চম দফায় ছুটি বাড়ানো হল। সূত্র-যুগান্তর

করোনায় ২৪ ঘণ্টায় ১০ মৃত্যুর, সাতজনই ঢাকার

গত ২৪ ঘণ্টায় দেশে নতুন করে আরো ৩৯০ জনের শরীরে করোনাভাইরাসের (কভিড-১৯) সংক্রমণ শনাক্ত হয়েছে। গত ২৪ ঘণ্টায় দেশে ১০ জনের মৃত্যু হয়েছে। এর মধ্যে ঢাকায় সর্বাধিক করোনা সংক্রমিত ব্যক্তির মৃত্যু হয়েছে। গত ২৪ ঘণ্টায় করোনায় ১০ মৃত্যুর সাতজনই ঢাকার বলে জানানো হয়েছে।

আজ বুধবার দুপুরে রাজধানী মহাখালীর ইনফরমেশন ম্যানেজমেন্ট সিস্টেম (এমআইএস) বিভাগের মিলনায়তনে করোনা ভাইরাস সংক্রান্ত অনলাইন স্বাস্থ্য বুলেটিনে স্বাস্থ্য অধিদপ্তরের অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন) অধ্যাপক ডা. নাসিমা সুলতানা এ তথ্য জানান।

গত ২৪ ঘণ্টায় মৃত্যু হওয়া সাতজন ঢাকার এবং বাকিদের মধ্যে ময়মনসিংহ, নারায়ণগঞ্জ এবং টাঙ্গাইল জেলায় একজন করে রয়েছেন বলে জানান তিনি।

এছাড়া গত ২৪ ঘণ্টায় মৃতদের মধ্যে পুরুষ সাতজন ও মহিলা তিনজন।

ডা. নাসিমা সুলতানা বলেন, ‘আমাদের ৬৪ জেলার মধ্যে ৫৫টি জেলায়ই আমরা কোভিড আক্রান্ত বা সংক্রমিত ব্যক্তি পেয়েছি। এবং ঢাকা সিটির মধ্যে এখনো অনেক বেশি। ঢাকা ডিভিশনের মধ্যে বেশি।’

দেশের মোট করোনা আক্রান্তদের মধ্যে ঢাকা বিভাগেই ৭৩ শতাংশ জানিয়ে তিনি বলেন তার প্রায় অর্ধেক ঢাকা শহরে এবং বাকিরা ঢাকার অন্যান্য জেলায়।

তিনি বলেন, নারায়ণগঞ্জে মোট আক্রান্ত হলো ৪৯৯ জন, যার মধ্যে সিটির মধ্যে ৩৬৪ জন।

তিনি বলেন নারায়ণগঞ্জে এ পর্যন্ত মৃত্যুবরণ করেছেন ৩৫ জন, সুস্থ হয়েছেন ১৬ জন। নারায়ণগঞ্জে কোয়ারেন্টিনে ছিলেন মোট ৬৮১ জন। এর মধ্যে কোয়ারেন্টিন মুক্ত হয়েছেন ৫৯৮ জন। বর্তমানে কোয়ারেন্টিনে আছেন ৮৩ জন।

তিনি বলেন, নারায়ণগঞ্জের পরে পরবর্তী জেলা হলো গাজীপুর। তারপরে কিশোরগঞ্জ এবং নরসিংদী। এই ঢাকা ডিভিশনেই আমাদের প্রায় ৭৩ শতাংশ রোগী। এর অর্ধেক প্রায় ঢাকা সিটির এবং বাকিরা অন্যান্য জেলার।

তিনি বলেন, গত ২৪ ঘণ্টা সময়ে দেশে মৃত্যু হয়েছে আরো ১০ জনের। এ নিয়ে দেশে সব মিলিয়ে আক্রান্তের সংখ্যা দাঁড়ালো ৩ হাজার ৭৭২ জনে। মোট মৃত্যু ১২০।

নতুন করে গত ২৪ ঘণ্টায় সুস্থ হয়েছে আরো পাঁচজন। এ নিয়ে দেশে করোনাভাইরাস থেকে মোট সুস্থ হলেন ৩৭৭২ জন।

সরকারের অবহেলায় করোনা রোগী লাফিয়ে লাফিয়ে বাড়ছে : রিজভী

সরকারের অবহেলার কারণে দেশে করোনা আক্রান্ত রোগীর সংখ্যা লাফিয়ে লাফিয়ে বাড়ছে বলে মন্তব্য করেছেন বিএনপির সিনিয়র যুগ্ম-মহাসচিব রুহুল কবির রিজভী। তিনি বলেন, যে ডাক্তার, স্বাস্থ্যকর্মী, আইনশৃঙ্খলা বাহিনীর লোকেরা করোনা মোকাবিলায় ফ্রন্টলাইনে লড়াই করছেন তাদের পর্যাপ্ত নিরাপত্তার ব্যবস্থা না থাকায় ইতোমধ্যে করো মৃত্যু হয়েছে এবং তাদের অনেকেই করোনায় আক্রান্ত হচ্ছেন। সরকারের উদ্দেশ্যপ্রণোদিত অবহেলার কারণেই বাংলাদেশে এখন করোনা আক্রান্ত রোগীর সংখ্যা লাফিয়ে লাফিয়ে বৃদ্ধি পাচ্ছে।

আজ বুধবার সকালে নারায়ণগঞ্জের রূপগঞ্জ উপজেলার দাউদপুর ইউনিয়নের অসহায়, কর্মহীন মানুষদের মধ্যে ত্রাণ বিতরণ করার সময় তিনি এসব কথা বলেন।

রিজভী বলেন, বিনাভোটে ক্ষমতায় থাকা, নানা ধরনের কালো আইন প্রণয়ন, বিরোধী দলকে নিশ্চিহ্ন করার এজেন্ডা বাস্তবায়ন এবং সরকারের সমালোচকদের মুখ বন্ধ করতে রাষ্ট্রযন্ত্রকে ব্যাবহার করার কারণেই আত্মসাৎ, চুরি ও লুটের সংস্কৃতি প্রতিষ্ঠা হয়েছে। যার ফলে বাংলাদেশে করোনার পদধ্বনি শোনার পরেও কোনো প্রস্তুতি গ্রহণ না করে নির্বিকার থেকেছে ক্ষমতাসীনরা।

তিনি বলেন, করোনাভাইরাস নামক অদৃশ্য শত্রুর হাত থেকে বিশ্বের অধিকাংশ গ্রাম আর নগর মৃত্যুপুরিতে পরিণত হয়েছে। পৃথিবী যেন হঠাৎ করেই বদলে গেছে। কিন্তু বদলায়নি বাংলাদেশ সরকার। তারা নিপীড়ন-নির্যাতন বিরোধীদল দমনে স্বভাবসুলভ স্বৈরাচারী নীতিই অব্যাহত রেখেছে।

তিনি আরো বলেন, ক্ষুধার্ত মানুষ ত্রাণের দাবিতে সড়ক অবরোধ করছে। অথচ ইসলামপুরে, সিরাজগঞ্জে, লালমনিরহাট, হাতিবান্ধা, বকশীগঞ্জ, জামালপুর, দিনাজপুরসহ দেশের নানা স্থান থেকে হাজার হাজার বস্তা চাল, আটা, ভোজ্যতেল প্রায় প্রতিদিনই উদ্ধার হচ্ছে।

আর এ লুটপাটে শাসকদলের লোকেরাই জড়িত।

উল্লেখ্য, নারায়ণগঞ্জ জেলাধীন রূপগঞ্জ উপজেলার দাউদপুর ইউনিয়নে স্থানীয় বিএনপি ও এর অঙ্গসংগঠনের উদ্যোগে থানা বিএনপির যুগ্ম সাধারণ সম্পাদক ও সাবেক চেয়ারম্যান শরীফ আহমেদ টুটুলের ব্যবস্থাপনায় ইউনিয়নের অসহায়, কর্মহীন মানুষদের মাঝে ত্রাণ বিতরণ করা হয়। সকাল ৮টায় শুরু হওয়া এই ত্রাণ বিতরণ কার্যক্রমে প্রধান অতিথি ছিলেন রিজভী। সূত্র-কালের কন্ঠ

মুজিবনগরে করোনা উপসর্গ নিয়ে ১ জনের মৃত্যু

মেহেরপুরের মুজিবনগর উপজেলার ভবেরপাড়া গ্রামে ইদ্রিস শাহ নামের একজন করোনা উপসর্গ নিয়ে মৃত্যু বরণ করেন।

বুধবার দুপুরে মেহেরপুর জেনারেল হাসপাতালে তার মৃত্যু হয়।

মৃত ইদ্রিস শাহ মুজিবনগর উপজেলার ভবের পাড়া গ্রামের সুফল শাহর ছেলে।

মৃত ইদ্রিস শাহর ছোট ভাই ফোয়াদ শাহ জানান, বুধবার সকালে আমার ভায়ের মাথা ব্যাথা শুরু হয়। এজন্য প্রথমে মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যাওয়া হয়৷ সেখান থেকে মেহেরপুর জেনারেল হাসপাতালে রেফার্ড করা হয়। পরে দুপুর ১টার দিকে তার মৃত্যু হয়।

জেনারেল হাসপাতালের আরএমও মখলেছুর রহমান জানান, মাথায় যন্ত্রণা নিয়ে ইদ্রিস আলি হাসপাতালে আসে। পরে দুপুরে তার মৃত্যু হয়।

মেহেরপুর সিভিল সার্জন ডা. নাসির উদ্দিন জানান, মৃত ব্যক্তির নমুনা সংগ্রহ করে পরীক্ষার জন্য পাঠানো হয়েছে। রিপোর্ট আসার পর জানা যাবে করোনায় আক্রান্ত ছিল কি না।

মেপ্র/এমএফআর

দেশে গত ২৪ ঘন্টায় আরও ৩৯০ জনের করোনা আক্রান্ত

বাংলাদেশে গত ২৪ ঘণ্টায় আরও ৩৯০ জন করোনাভাইরাসে সংক্রমিত রোগী শনাক্ত হয়েছে। এ নিয়ে দেশে মোট শনাক্তের সংখ্যা দাঁড়াল ৩,৭৭২।

আজ বুধবার দুপুরে স্বাস্থ্য অধিদপ্তরের নিয়মিত অনলাইন বুলেটিনে এ তথ্য জানানো হয়।

অনলাইন বুলেটিনে বলা হয়, গত ২৪ ঘণ্টায় ৩,০৯৬ জনের নমুনা পরীক্ষা করা হয়। এছাড়া গত ২৪ ঘণ্টায় সুস্থ হয়েছেন পাঁচজন। এ পর্যন্ত মোট ৯২ জন সুস্থ হয়ে বাড়ি ফিরেছেন।

গতকাল মঙ্গলবার নতুন করে ৪৩৪ জন আক্রান্ত হয়েছিলেন এবং আরও ৯ জন মৃত্যুবরণ করেছিলেন। গতকাল পর্যন্ত মোট আক্রান্তের সংখ্যা ছিলো ৩,৩৮২ জন এবং মোট মৃত্যুর সংখ্যা ছিলো ১১০ জন। এছাড়া সুস্থ হয়ে বাড়ি ফিরে গেছেন আরো দুইজন। গতকাল পর্যন্ত সুস্থ হয়েছিলেন ৮৭ জন।

বাংলাদেশে নভেল করোনাভাইরাসে (কভিড-১৯) সংক্রমিত প্রথম রোগী শনাক্ত হয় গত ৮ মার্চ। ১৮ মার্চ করোনাভাইরাসে আক্রান্ত হয়ে প্রথম একজনের মৃত্যু হয়।

কুষ্টিয়ায় প্রথমবারের মতো ২

জন করোনা রোগী শনাক্ত

কুষ্টিয়ায় প্রথমবারের মতো করোনা ভাইরাসে আক্রান্ত

দুজন ব্যক্তি শনাক্ত হয়েছে। এরা দুজনই পুরুষ। বুধবার (২২ এপিল) সকালে কুষ্টিয়ার সিভিল সার্জন এইচএম আনোয়ারুল ইসলাম এ তথ্য নিশ্চিত করেছেন।

আক্রান্তরা হলেন—কুষ্টিয়ার শহরের পেসকার আলীর ছেলে তপন (৩০) এবং অন্যজন কুমারখালীর কয়া ইউনিয়নের মৃত শুকুর আলীর ছেলে আক্কাস আলী (৬৯)।

সিভিল সার্জন জানান, কুষ্টিয়া থেকে পাঠানো নমুনার মধ্যে দুই জনের রেজাল্ট পজেটিভ এসেছে বলে যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের করোনাভাইরাস পরীক্ষার ল্যাব থেকে জানানো হয়েছে। তারা এখন পর্যন্ত বাড়িতেই আছেন।

তবে তাদের বাড়িতে রেখে চিকিৎসা দেওয়া হবে নাকি হাসপাতালের আইসোলেশনে নেওয়া হবে, সেটা পরে জানানো হবে বলে জানান জেলার এই সিভিল সার্জন।

ল্যাব নয়, প্রাণী থেকেই ছড়িয়েছে করোনা: বিশ্ব স্বাস্থ্য সংস্থা

চীনের সীমানা পেরিয়ে প্রাণঘাতী করোনাভাইরাস এরই মধ্যে ছড়িয়ে পড়েছে বিশ্বের ২১০টি দেশ ও অঞ্চলে। কোথা থেকে উৎপত্তি হল এই ভাইরাসের তা নিয়ে হয়েছে বহু আলোচনা। চীনের উহানের সিফুড মার্কেট থেকে নাকি ল্যাবরেটরি থেকে এই ভাইরাসের উৎপত্তি তা নিয়েও বিতর্ক তৈরি হয়েছে। অবশেষে বিশ্ব স্বাস্থ্য সংস্থা (ডব্লিউএইচও) মঙ্গলবার জানিয়ে দিল, গত বছর শেষের দিকে চীনের কোনও পশুর শরীর থেকেই তৈরি হয়েছে করোনা। কোনও ষড়যন্ত্র করে বা ল্যাবরেটরি

থেকে কোভিড-১৯ এর উৎপত্তি হয়নি।

গত সপ্তাহেই মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেছিলেন, সারা বিশ্ব জুড়ে হাহাকার তৈরি করা এই প্রাণঘাতী ভাইরাস উহানের ল্যাবরেটরি থেকে তৈরি হয়েছে কিনা সেই তথ্য বের করার জন্য তিনি উঠে পড়ে লেগেছেন।

ডব্লিউএইচও এর মুখপাত্র ফাডেলা শইব বলছেন, সমস্ত প্রামাণ্য তথ্য খতিয়ে দেখার পরে এটাই বোঝা যাচ্ছে করোনা ভাইরাসের উৎস কোনও পশু থেকে। এটি ল্যাবরেটরি থেকে তৈরি হয়নি। পশুর শরীর থেকেই এই ভাইরাসের উৎপত্তি এমন সম্ভাবনাই দেখা যাচ্ছে।
তিনি বলছেন, খুব সম্ভবত বাদুড়ের শরীর থেকেই এই ভাইরাসের উৎপত্তি। কিন্তু এই ভাইরাস বাদুড় থেকে কীভাবে মানুষের শরীরে সংক্রামিত হল সেই বিষয়টি এখনও স্পষ্ট নয়।

করোনা ভাইরাস মহামারির বিষয়ে ডব্লিউএইচও যেভাবে কাজ করছে তাতে সন্তুষ্ট না হওয়ায় গত সপ্তাহে ট্রাম্প জানিয়েছেন, তিনি জাতিসংঘের এই সংস্থাকে অর্থ দিয়ে সাহায্য করবেন না। এই প্রসঙ্গে ফাডেলা বলছেন, আমরা বিষয়টিকে এখনও খতিয়ে দেখছি। কোনও রকম ফাঁক থাকলে তা পূরণ করার জন্য আমি আমাদের পার্টনারদের সঙ্গে কাজ করছি। শুধু কোভিড-১৯ নয় আরও অনেকগুলো হেলথ প্রোগ্রামের জন্য আমরা যে কাজ করছিলাম সেগুলো আমাদের চালিয়ে নিয়ে যেতে হবে।

তিনি জানান, এইচআইভি, ম্যালেরিয়া, পোলিওর মতো রোগের জন্যও কাজ চালিয়ে যাচ্ছে। আগামী ২ বছরের জন্য ৮১ শতাংশ ফান্ড ছিল। আর এই ফান্ডের অধিকাংশ আসে মার্কিন যুক্তরাষ্ট্রের সংস্থা ও ব্রিটেনের গেটস ফাউন্ডেশন থেকে। সূত্র-বাংলাদেশ প্রতিদিন

হোম কোয়ারেন্টাইনে থাকতে বলায় ঢাকা ফেরত এক ব্যক্তির

আত্মহত্যা

চাঁপাইনবাবগঞ্জের শিবগঞ্জে মোঃ আলাল (৫০) নামে ঢাকা ফেরৎ এক ব্যক্তিকে হোম কোয়ারেন্টাইনে থাকতে বলায় আত্মহত্যা করেছে। নিহত মোঃ আলাল চাঁপাইনবাবগঞ্জ জেলার শিবগঞ্জ উপজেলার ধাইনগর ইউনিয়নের চৈতন্যপুর গ্রামের মৃত মুন্তাজ মন্ডলের ছেলে।

মঙ্গলবার রাতের কোন একসময় সবার অজান্তে বাড়ির পাশে আমগাছে মাফলার পেঁচিয়ে আত্মহত্যা করেন তিনি।
মঙ্গলবার সন্ধ্যায় ঢাকার মিরপুর থেকে বাড়ি আসেন আলাল। এ খবর পাবার পর এলাকাবাসী ও স্থানীয় প্রশাসন তাকে ১৪ দিন হোম কোয়ারেন্টাইনে থাকার জন্য বললে আলাল বুধবার সকাল থেকে হোম কোয়ারেন্টাইনে থাকবে বলে সকলকে জানান।
কিন্তু রাতের কোন একসময় বাড়ির পাশে আমগাছে মাফলার পেঁচিয়ে আত্মহত্যা করেন তিনি।
খবর পেয়ে শিবগঞ্জ থানা পুলিশ বুধবার সকালে ঘটনাস্থল থেকে লাশ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য চাঁপাইনবাবগঞ্জ সদর হাসপাতালের মর্গে প্রেরণ করে।
শিবগঞ্জ থানার ওসি (তদন্ত) মো. আতিকুল ইসলাম জানান, ধারণা করা হচ্ছে আতঙ্কিত হয়ে রাতের কোন একসময় তিনি আত্মহত্যা করেন। সূত্র-বাংলাদেশ প্রতিদিন